**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৭ মার্চ ২০১৬, ১৩ চৈত্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সাম্প্রদায়িকতা ও যুদ্ধাপরাধীমুক্ত দেশ গড়ার অঙ্গীকার : মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

২। ঐক্যবদ্ধ হয়ে দেশ গড়ার আহ্বান প্রধানমন্ত্রীর

৩। স্বাধীনতা দিবস উপলক্ষে বাংলাদেশকে ভারত, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের শুভেচ্ছা

৪। স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী

৫। নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ সরকারের অর্জন: টুঙ্গিপাড়ায় সেতু মন্ত্রী

৬। তনু হত্যা রহস্য শীঘ্রই উদ্‌ঘাটিত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

৭। গোয়েন্দা ইউনিটকে আরও শক্তিশালী করবে র‌্যাব: প্রতিষ্ঠাবার্ষিকীতে বেনজীর আহমেদ

৮। রিজার্ভের টাকা লোপাটের সঙ্গে ১৪ বিদেশী জড়িত থাকার তথ্য পাওয়া গেছে

৯। বিনিয়োগের আকর্ষণীয় স্থান বাংলাদেশ: আরব নিউজের প্রতিবেদন

১০। কলকাতার ইডেন গার্ডেন্সে মুগ্ধতা ছড়ালেন মুস্তাফিজ

১। **সাম্প্রদায়িকতা ও যুদ্ধাপরাধীমুক্ত দেশ গড়ার অঙ্গীকার : মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন**

সাম্প্রদায়িকতা, যুদ্ধপরাধীমুক্ত এবং মুক্তিযুদ্ধের চেতনাসমৃদ্ধ বাংলাদেশ গড়ার অঙ্গীকার গ্রহণের মধ্য দিয়ে সারাদেশে উদ্‌যাপিত হলো মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। গতকাল ২৬মার্চ শনিবার দিবসটি উপলক্ষে সরকারি বেসরকারি প্রতিষ্ঠান ও বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের আয়োজনে উচ্চারিত হয়েছে এই একই অঙ্গীকার। দিনব্যাপী নানা কর্মসূচির মধ্যে ছিল জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য নিবেদন, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোরদের কুচকাওয়াজ ও ঢাকায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন। সূর্যোদয়ের মুহূর্তে ৩১ বার তোপধ্বনির মধ্য দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। সকালে প্রথমে রাষ্ট্রপতি ও পরে প্রধানমন্ত্রী জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন। সাভারে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধানমন্ডির ৩২ নম্বরে রক্ষিত জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জনান। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো,** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** ( পৃ ১,ক.৬), **যুগান্তর, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট,অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **ঐক্যবদ্ধ হয়ে দেশ গড়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

স্বাধীনতার ৪৫ বছর পূর্তিতে বাংলাদেশকে বিশ্বে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করতে ঐক্যবদ্ধভাবে সব নাগরিকদের অংশ নেয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সকলকে ঐক্যবদ্ধ হয়ে দেশ গড়ার আহ্বান জানান । বিশ্বে কেউ যেন বাংলাদেশকে অবহেলা করতে না পারে, সেভাবে দেশকে গড়ে তুলতে হবে। স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে গতকাল ২৬ মার্চ শনিবার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানের শুরুতেই প্রধানমন্ত্রী শিশু-কিশোর সমাবেশ পরিদর্শন করেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কুচকাওয়াজে অভিবাদন গ্রহন করেন তিনি।পরে তিনি শিশু-কিশোরদের ডিসপ্লেও দেখেন। অনুষ্ঠানে মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক উপস্থিত ছিলেন। সূত্র- **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

৩। **স্বাধীনতা দিবস উপলক্ষে বাংলাদেশকে ভারত, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের শুভেচ্ছা**

স্বাধীনতা দিবস উপলক্ষে বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছে ভারত, রাশিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র। বিশ্বের প্রভাবশালী এই তিন দেশের প্রেসিডেন্ট - প্রধানমন্ত্রী পৃথক বার্তায় এই শুভেচ্ছা জানান। ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বারাক ওবামা শুভেচ্ছা পাঠিয়ে বাংলাদেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়ন কামনা করেছেন।

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদকে পাঠানো এক বার্তায় স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। স্বাধীনতা দিবস উপলক্ষে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পৃথক বার্তা পাঠিয়ে শুভেচ্ছা জানিয়েছেন। বাংলাদেশে মার্কিন দূতাবাসের ফেসবুক পেইজে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বারাক ওবামার শুভেচ্ছা বার্তা প্রকাশ করা হয়েছে। তারা বাংলাদেশের শান্তি, উন্নয়ন ও সমৃদ্ধি কামনা করেছেন। সূত্র - **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫),**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

৪। **স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪৬তম স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে গতকাল একটি স্মারক ডাকটিকিট, একটি উদ্বোধনী খাম এবং একটি ডাটা কার্ড অবমুক্ত করেছেন । প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৬ মার্চ শনিবার তার সরকারি বাসভবন গণভবনে ১০ টাকা মূল্যের একটি ডাকটিকিট ও একটি উদ্বোধনী খাম এবং ৫ টাকা মূল্যের একটি ডাটা কার্ড অবমুক্ত করেন। এ

উপলক্ষে একটি বিশেষ সিলমোহর ব্যবহার করা হয়। সূত্র - **সংবাদ** (পৃ.৪,ক.১), **অবজারভার**(পৃ.১০,ক.৫)।

**৫। নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ সরকারের অর্জন: টুঙ্গিপাড়ায় সেতু মন্ত্রী**

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, স্বাধীনতার ৪৫ বছরে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণই হচ্ছে বর্তমান সরকারের সোনালি অর্জন। অপর অর্জনটি হচ্ছে উন্নয়নের রোল মডেল হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশ্বের ১০তম শীর্ষ নেতার স্বীকৃতি লাভ।গতকাল ২৬ মার্চ শনিবার স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে কেন্দ্রীয় আওয়ামী লীগের পক্ষে টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন শেষে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে একথা বলেন। সূত্র - **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ ,ক.৮), **অবজারভার**( পৃ ১০,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ ,ক.৫),

**৬। তনু হত্যা রহস্য শীঘ্রই উদ্‌ঘাটিত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ইতিহাস বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যাকাণ্ডের রহস্য খুব শীঘ্রই উদ্‌ঘাটিত হবে এবং হত্যাকারীদের বিচারের আওতায় আনা হবে। গোয়েন্দা সংস্থা কাজ করছে। গতকাল শনিবার ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে রাজারবাগ পুলিশ লাইনসে একাত্তরের শহিদ পুলিশ সদস্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি একথাা বলেন। সূত্র - **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

**৭। গোয়েন্দা ইউনিটকে আরও শক্তিশালী করবে র‍্যাব: প্রতিষ্ঠাবার্ষিকীতে বেনজীর আহমেদ**

জঙ্গি তৎপরতাসহ অপরাধ দমনে গোয়েন্দা ইউনিটকে আরও শক্তিশালী করার পরিকল্পনা করছে র‍্যাব। গোয়েন্দা সক্ষমতা বাড়িয়ে র‍্যাবকে আরও কার্যকর ভূমিকায় আনার চেষ্টা চলছে। দ্বাদশ প্রতিষ্ঠাবার্ষিকীতে গতকাল শনিবার ২৬ মার্চ সদর দফতরে সংবাদ সম্মেলনে একথা বলেন বাহিনীর প্রধান বেনজীর আহমেদ। তিনি বলেন আগামী এক বছরে জঙ্গিবাদ দমন ছাড়াও দক্ষিণাঞ্চলে জলদস্যু ও বনদস্যু দমন, ইয়াবা আগ্রাসন প্রতিরোধ, মোবাইল ফোনের মাধ্যমে চাঁদাবাজি ও সন্ত্রাসী অপতৎপরতা দমনকে র‍্যাব অগ্রাধিকার দেবে। সূত্র- **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.১)।

**৮। রিজার্ভের টাকা লোপাটের সঙ্গে ১৪ বিদেশী জড়িত থাকার তথ্য পাওয়া গেছে**

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের টাকা লোপাটের সঙ্গে ১৪ বিদেশী জড়িত বলে তথ্য পেয়েছে তদন্তকারী সংস্থাগুলো। এর মধ্যে ফিলিপিন্সেরই ৮। অপর ৬ শ্রীলঙ্কার। সন্দেহভাজন এই ১৪ জনের বিষয়ে জানতে সিআইডি পুলিশ ইন্টারপোলের সহায়তা চেয়েছে। তাদের বিষয়ে জানতে বাংলাদেশ, শ্রীলঙ্কা ও ফিলিপিন্সের আইনশৃঙ্খলা বাহিনী এবং মার্কিন যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় তদন্ত সংস্থা এফবিআই চেষ্টা করে যাচ্ছে। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬)।

**৯। বিনিয়োগের আকর্ষণীয় স্থান বাংলাদেশ: আরব নিউজের প্রতিবেদন**

বিনিয়োগের জন্য দক্ষিণ এশিয়ার মধ্যে আকর্ষণীয় স্থান বাংলাদেশ। বিদেশি বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে বাংলাদেশ সরকার বেশ কিছু সংস্কার করেছে। গতকাল ২৬ মার্চ শনিবার আরব নিউজ এক প্রতিবেদনে এমন মন্তব্য করেছে। সৌদি আরবের পত্রিকাটির প্রতিবেদনে বলা হয়, সাম্প্রতিক বছরগুলোয় বাংলাদেশের অর্থনীতি চমৎকারভাবে ঘুরে দাঁড়িয়েছে। গত এক দশক ধরে দেশটির ৬ শতাংশ হারে অর্থনৈতিক প্রবৃদ্ধি হচ্ছে। আগামীতে এটি ৭ শতাংশে উন্নীত হবে বলে মনে করা হচ্ছে।দক্ষিণ এশিয়ার মধ্যে বিনিয়োগ আকর্ষণের শীর্ষস্থানে পরিণত হতে বাংলাদেশ এখন চেষ্টা চালাচ্ছে।এ জন্য বাংলাদেশ সরকার অনেক পরিবর্তন আনায় দেশি - বিদেশি বিনিয়োগকারীদের জন্য বেশ সুযোগ সৃষ্টি হয়েছে। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.২)।

**১০। কলকাতার ইডেন গার্ডেন্সে মুগ্ধতা ছড়ালেন মুস্তাফিজ**

কলকাতার ইডেন গার্ডেন্সে মুগ্ধতা ছড়ালেন বাংলাদেশ ক্রিকেট দলের মুস্তাফিজুর রহমান। গতকাল

২৬ মার্চ শনিবার টি-টোয়েন্টি বিশ্বকাপে নিউজিল্যান্ডের বিপক্ষে ২২ রানে ৫ উইকেট নেন বাংলাদেশের এই তরুণ পেসার।এখন পর্যন্ত এবারের বিশ্বকাপে এটাই সেরা বোলিং। টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসে এটি সবচেয়ে কম বয়সে ৫ উইকেট। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১),**ইত্তেফাক** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** পাইকারি বাজারে আমদানিকৃত ভোগ্যপণ্যের মূল্য বৃদ্ধি শুরু হওয়ায় সরকারি পর্যায়ের পাশাপাশি টিসিবির মাধ্যমে কিছু পণ্য আমদানি করে রমজান মাসে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করার মাধ্যমে বাজারের স্থিতিশীলতা ধরে রাখা সম্ভব বলে অভিমত প্রকাশ ।

খ. **জনকণ্ঠ :** নিউইয়র্ক ভিত্তিক সামকয়িকী 'ফরচুন' তার 'ওয়ার্ল্ড গ্রেটেস্ট লিডার' শিরোনামের প্রকাশনায় বিশ্বের শীর্ষ পঞ্চাশ নেতার তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান দশম স্থানে হওয়ার বিষয় উল্লেখ করে নারীর ক্ষমতায়ন এবং নারী শিক্ষা বিস্তারে প্রধানমন্ত্রীর কৌশলী পদচারণার বিষয়টি তুলে ধরেছে।

গ. **ইত্তেফাক:** সরকারি পর্যায়ে টাঙ্গাইলের তিনটি উপজেলায় দরিদ্রদের জন্য স্বাস্থ্য বিমা প্রকল্প চালুর উদ্যোগকে সাধুবাদ জানিয়ে দরিদ্রদের গুণগত স্বাস্থ্যসেবা প্রদানের প্রতি সবিশেষ নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ :** ময়মনসিংহের পারুলদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় স্পেশাল ক্লাসের নামে শিক্ষার্থীদের কাছ থেকে প্রতিমাসে ২০০ টাকা করে আদায়ের বিষয়টি তুলে ধরে যেসব বিদ্যালয়ে স্পেশাল ক্লাসের নামে কোচিং বাণিজ্য করছে তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের আহবান।

ঙ. **ভোরের কাগজ :** কুমিল্লা সরকারি ভিক্টোরিয়া কলেজের ছাত্রী তনু হত্যাকারীদের শনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার:** স্কুলের মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহারে শিক্ষকদের অভিজ্ঞ করে তুলতে ১০০ জন প্রশিক্ষিত শিক্ষক দেশব্যাপী স্কুলে কাজ করার বিষয়টি তুলে ধরে এ কাজের সফলতার প্রত্যাশা ব্যক্ত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** তৃণমূল পর্যায়ের উন্নয়ন ত্বরান্বিত করতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে আরও বেশি শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান:** ২০১৮ সালের মধ্যে দেশের ৯২ শতাংশ লোকের মধ্যে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়ার সরকারি উদ্যোগের সাফল্য কামনা করে একই সাথে বিদ্যুতের বর্তমান মূল্যও বিবেচনা করার আহবান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে বাসযোগ্য একটি রাজধানী শহর এবং সমৃদ্ধ দেশ গড়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়েছে।

## নিবন্ধ

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'রেলের সেবার মান বাড়ান'** শিরোনামের নিবন্ধে মোহাম্মদ বেলায়েত হোসেন রেলের চুরি ঠেকিয়ে রক্ষণাবেক্ষণ করতে পারলে এবং অসাধু কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করলে রেলের কোটি কোটি টাকার সম্পদ রক্ষা পাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা